গ) বিদেশের বাজারে সেবামূল্যের বিষয়ে ৪৯ তম বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে বর্তমান সেবামূল্য পুনঃনির্ধারণ করা হবে কিনা সে বিষয়ে দিক নির্দেশনা চেয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে; তবে কোন মতামত পাওয়া যায়নি। একই বিষয়ে বিষয়ে পরিচালনা পর্ষদের ৭ তম সভায় আলোচনার জন্য প্রস্তাব পাঠানো হয়েছে; তবে তা উত্থাপিত হয়নি। বিষয়টি নিষ্পন্ন হওয়া অতীব গুরুত্বপূর্ণ।
ঘ) সম্প্রচারে আসার জন্য অপেক্ষমাণ ১২ টি ও বন্ধ থাকা ০৪ টি সহ মোট ১৬ টি বেসরকারি টিভি চ্যানেলকে সেবা প্রদানে বিদ্যমান এমসিপিসি সেবার ক্যাপাসিটি বৃদ্ধির লক্ষ্যে ০২ টি মডুলেটর ক্রয়ের অনুমোদন রয়েছে। অপারেশন উইং এর সাথে আলোচনা ক্রমে এর মধ্যে ০১ টি মডুলেটর ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই ক্রয় কার্যক্রম শুরু করার নিমিত্ত ক্রয় চাহিদা প্রেরণ করা হয়েছে।
ঙ) বাণিজ্যিক ক্ষেত্রে কোন গ্রাহক প্রতিষ্ঠানকে চুক্তি বহির্ভূত সুবিধা প্রদান করা যাবে না বলে সিদ্ধান্ত পাওয়া গিয়েছে। এর আলোকে গ্রিন টিভির অতিরিক্ত পরীক্ষামূলক সময়কালের আবেদন, আকাশ ডিটিএইচ এর বিলম্ব জরিমানা মওকুফ ও নিরাপত্তা জামানতের পরিমাণ হ্রাসের আবেদন, বেক্সিমকো ডিজিটাল ডিস্ট্রিবিউশন লিমিটেড এর নিরাপত্তা জামানত হ্রাসের আবেদন নাকচ করে পত্র প্রেরণ করা হয়েছে।
চ) ০১ জানুয়ারি ২০২৫ থেকে এয়ারকম মিডিয়া লিমিটেড কর্তৃক ব্যবহৃত ব্যান্ডউইথের পরিমাণ ৩৬ মেগাহার্জ হ্রাস করা হয়েছে।
ছ) ০১ ডিসেম্বর ২০২৪ থেকে নেক্সাস টিভির ব্যান্ডউইথ কমানো হয়েছে।
জ) বিদেশের বাজারে স্যাটেলাইট সেবা বিক্রয়ের ক্ষেত্রে Exling নামক একটি প্রতিষ্ঠানের কমিশনের ভিত্তিতে এজেন্ট হিসেবে কাজ করার আগ্রহের প্রেক্ষিতে এজেন্ট হিসেবে কাজ করার অনুমোদন প্রদান করা হয়েছে। ইতোপূর্বে ৯ জন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এই অনুমোদন প্রদান করা হয়েছিল। তবে তাদের কোন কার্যক্রম পরিলক্ষিত না হওয়ায় তা বাতিল করার অনুমোদন পাওয়া গিয়েছে। যা শীঘ্রই কার্যকর করা হবে।
ঝ) BTV World এর নাম পরিবর্তন হয়ে BTV News HD হয়েছে। এতে প্রতি মাসে ২০,০০০ টাকা সেবামূল্য বেশি পাওয়া যাবে।

**ডোমেস্টিক সেলস সংক্রান্তঃ**

(ক) UNICEF-এর বিএস-১-এর ব্যবহারের জন্য ওয়ার্ক অর্ডার পাওয়া গিয়েছে। কাজেই UNICEF বিএসসিএল-এর নুতন গ্রাহক হিসেবে যুক্ত হয়েছে। বিল প্রেরণ করা হচ্ছে।
(খ) CELESTAL TECH LIMITED - এর মেরিটাইম সেক্টরে AIS system বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ। মেরিটাইম AIS স্যাটেলাইট সিস্টেম বাস্তবায়নে Royal Danish Embassy এর সাথে আলোচনা চলমান। বিটিআরসি হতে NOC সংগ্রহের কার্যক্রম চলমান।
(গ) শরণার্থী ত্রাণ, পুনর্বাসন ও প্রত্যাবাসন কমিশনে বিএস-১ এর ভি-স্যাট সেবার সম্ভাব্যতা বিষয়ে পূর্ববর্তী সভার ন্যায় আরেকটি ফলোআপ সভা এবং নতুন নতুন সংস্থাকে আমন্ত্রণ জানানোর জন্য একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উন্মুক্ত আলোচনার জন্য একটি পত্র প্রেরণ করা হয়েছে।
(ঘ) WFP-তে বিএস-১-এর ব্যান্ডউইথ ব্যবহার জন্য Link3 Technologies Ltd সাথে আলোচনা অনুযায়ী বাণিজ্যিক প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
(ঙ) HSBC Bank-এর সাথে আলোচনা অনুযায়ী ১৩ টি সাইটের বিএস-১-এর ব্যবহারে মূল্য প্রস্তাব প্রেরণ এবং লিংক ৩ টেকনোলজির সাথে আলোচনা চলমান।
(চ) বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-ফাইবার ক্যানেক্টিভিটির জন্য ওয়ার্ক ওর্ডার প্রেরণ করেছেন। ওয়ার্ক অর্ডার অনুযায়ী ফাইবার ক্যানেক্টিভিটি স্থাপন সম্পন্ন হয়েছে। নতুন ১৯টি সাইটের জন্য বিজিরি সংশ্লিষ্ট সদস্যদের প্রশিক্ষণের উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে।
(ছ) AIO Communications Ltd.-এর সাথে আলোচনা অনুযায়ী বিএস-১-এর ব্যান্ডউইথের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে এবং আলোচনা চলমান।
(জ) বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চ এর চাহিদা অনুসারে ৩০ টি ল্যান্ডপোর্টে স্যাটেলাইট-১-এর ভি-স্যাট স্থাপনের বাণিজ্যিক প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
(ঝ) চা বোর্ড-এ বিএস-১ এর ভি-স্যাট সেবার সম্ভাব্যতা বিষয়ে আলোচনার জন্য একটি পত্র প্রেরণ করা হয়েছে।
(ঞ) বন অধিদপ্তরের বিএস-১ এর ভি-স্যাট সেবার সম্ভাব্যতা বিষয়ে আলোচনার জন্য একটি পত্র প্রেরণ করা হয়েছে।
(ট) বিএস-১ এর ভি-স্যাট সেবার সম্ভাব্যতা বিষয়ে আলোচনা সভা 'এনজিও বিষয়ক ব্যুরো'-এর কার্যালয়, আগারগাঁও সম্পন্ন হয়েছে।
(ঠ) বাংলাদেশ আর্মির সাথে চুক্তিকৃত ১৫টি সাইটের মধ্যে তাদের চাহিদা অনুসারে ১১ টি সাইটে ভি-স্যাট স্থাপন সম্পন্ন হয়েছে বাকি ৪ টি সাইটে ভি-স্যাট স্থাপনের প্রক্রিয়া চলমান। নিরাপত্তা জনিত কারণে ইনস্টলমেন্ট টিম পাঠানো সম্ভব হচ্ছে না।
(দ) জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই)-এর প্রত্যন্ত অঞ্চলে বিএস-১ এর ভি-স্যাট সেবা প্রদান সংক্রান্ত আলোচনা।
(ধ) জাতীয় জরুরি প্রয়োজনে স্যাটেলাইট ব্যবহারের জন্য-সামাজিক দায়বদ্ধতা তহবিলের আওতায় প্রকল্পের জন্য 'উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নের কার্যক্রম চলমান। 'উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি)-এর ধারণাপত্র ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-এর সচিব মহোদয় বরবার প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত:**

০১। আগামী ০৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে কক্সবাজারে শরণার্থী ত্রাণ, পুনর্বাসন ও প্রত্যাবাসন কমিশনে বিএস-১ এর ভি-স্যাট সেবার সম্ভাব্যতা বিষয়ে পূর্ববর্তী সভার ন্যায় আরেকটি ফলোআপ সভা সংক্রান্ত কার্যক্রম বিক্রয় ও বিপণন উইং গ্রহণ করবেন।
০২। আন্তর্জাতিক বাজারে ব্যান্ডউইথের মূল্য নিয়ে সম্ভাব্য গ্রাহকের সাথে যোগাযোগের ক্ষেত্রে আপাতত বিএসসিএল এর পরিচালনা পর্ষদের ৪৯ তম সভায় অনুমোদিত দর মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। তবে সম্ভাব্য গ্রাহকের সাথে দর চূড়ান্ত করার পূর্বে তা পরিচালনা পর্ষদ বা প্রস্তাবিত ট্যারিফ কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে। অনুমোদন পাওয়া না গেলে সম্ভাব্য গ্রাহকের সাথে আলোচনা বাতিল করতে করতে হবে।
০৩। ব্যাংকসমূহে বিএস-১ এর ভি-স্যাট সেবা বিক্রয়ের লক্ষ্যে Business Guideline প্রস্তুত করবেন।
০৪। বাংলাদেশ সেনাবাহিনী এর সাথে হ্যাব সম্পর্কিত আলোচনা করবেন।
০৫। বিক্রয় কার্যক্রম ত্বরান্বিত করতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।
০৬। পরবর্তী সমন্বয় সভার নোটিশ প্রাপ্তি সাপেক্ষে সমন্বয় সভায় বিক্রয় ও বিপণনের ক্ষেত্রে কোম্পানির বর্তমান অবস্থা, বিগত ০১ মাসে কি কি উদ্যোগ নেওয়া হয়েছে, বিগত ০১ মাসে ও ০৩ মাসে রেভিনিউ বৃদ্ধি সংক্রান্ত তথ্য প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।

**দায়িত্বপ্রাপ্ত: বিক্রয় ও বিপণন উইং**

## আলোচ্যসূচি-২: বকেয়া বিল ও Late Payment Fee Collection

**সর্বশেষ অগ্রগতি:**

ক। গ্রাহকদের নিকট থেকে বিদ্যমান বকেয়া আদায় কার্যক্রম তরান্বিতকরণ:

- দেশী টেলিভিশন ও ডিটিএইচ অপারেটর এর ক্ষেত্রেঃ

০৫ আগস্ট ২০২৪ তারিখে বকেয়ার পরিমাণ ১৮,৭১,১৯,৪৪১/- টাকা। ০৫ আগস্ট ২০২৪ তারিখের পর থেকে ১৪,৫৯,৫৫,৪৯১/- টাকা আদায় করা হয়েছে। ০১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত দেশি টিভি চ্যানেল ও ডিটিএইচ অপারেটরের বকেয়ার পরিমাণ ৪,১১,৬৩,৯৫০/- টাকা। গত ০১ সপ্তাহে ২০,১৯,৪০০/- টাকা বকেয়া আদায় হয়েছে। বকেয়া আদায়ের হার ৭৮.০০%।

- বিদেশি প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

০৫ আগস্ট ২০২৪ তারিখে বকেয়ার পরিমাণ ৭,১২,৯২৪/- ডলার। ০৫ আগস্ট ২০২৪ তারিখের পর থেকে ১,৪৫,৭৪০/- ডলার আদায় করা হয়েছে। ০১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বিদেশি প্রতিষ্ঠানের বকেয়ার পরিমাণ ৫,৬৭,১৮৪/- ডলার। গত ০১ সপ্তাহে কোন বকেয়া আদায় হয়নি। বকেয়া আদায়ের হার ২০.৪৪%।

- ২০% হারে বকেয়া আদায়ের জন্য নিয়মিত নোটিশ প্রেরণ, নোটিশ অনুযায়ী সাময়িক সেবা বিচ্ছিন্নকরণ, উপযুক্ত কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ ও আলোচনা চলমান রয়েছে।

খ। বকেয়া প্রদান না করায় এশিয়ান টিভি ও নাগরিক টিভিকে প্রদত্ত TRP Service সাময়িকভাবে বিচ্ছিন্ন করা হয়েছে। তবে আংশিক বকেয়া পরিশোধের পর সেবা পুনরায় চালু করা হয়েছে।
গ। বকেয়া প্রদান না করায় গান বাংলা টিভিকে প্রদত্ত সম্প্রচার সেবা সাময়িকভাবে বিচ্ছিন্ন করা হয়েছে। বকেয়ার পরিশোধের জন্য যোগাযোগ করা হলেও কোন তথ্য পাওয়া যায়নি।
ঘ। বেক্সিমকো ডিজিটাল ডিস্ট্রিবিউশন লিমিটেড এর কাছ থেকে চুক্তি মোতাবেক নিরাপত্তা জামানত আদায় করা হয়েছে।
ঙ। আকাশ ডিটিএইচ ও Aircom Media Limited এর কাছ থেকে নিরাপত্তা জামানত আদায় করা সম্ভব হয়নি। আকাশের ০৪ মাস ও Aircom এর ০৬ মাসের বিল বকেয়া রয়েছে। উভয় প্রতিষ্ঠা প্রেরিত নোটিশের শর্ত ভঙ্গ করেছে। চুক্তি মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
চ। গ্রিন টিভির বকেয়া আদায়ে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে।
ছ। প্রতিটি TRP Service এর গ্রাহককে নিরাপত্তা জামানত প্রদানের জন্য নোটিশ প্রদান করা হয়েছে।
জ। চ্যানেল এস এর ব্রডকাস্ট সেবার বকেয়া পরিস্থিতি পর্যবেক্ষণে রাখা আছে।
ঝ। Live India Today এর ব্রডকাস্ট সেবার বকেয়া পরিস্থিতি পর্যবেক্ষণে রাখা আছে।
ঞ।সম্ভাব্য নতুন গ্রাহকদের (বায়ার মিডিয়া (ডিটিএইচ অপারেটর), দিগন্ত টিভি, স্টার নিউজ, আমার টিভি, আমার গান, চ্যানেল-ওয়ান, সিএসবি ইত্যাদি) সাথে যোগাযোগ রক্ষা করে সেবার আওতায় নিয়ে আসার কার্যক্রম চলমান।

**সিদ্ধান্ত:**

০১। পরবর্তী সকল সমন্বয় সভায় হালনাগাদ বকেয়া বিলের পরিমাণ ও বিগত ০১ মাসে বকেয়া আদায়ের তথ্য অর্থ ও হিসাব শাখা উপস্থাপন করবেন এবং বকেয়া আদায়ে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বিগত ০১ মাসে তার তথ্য বিক্রয় ও বিপণন শাখা উপস্থাপন করবেন।

**দায়িত্বপ্রাপ্ত: বিক্রয় ও বিপণন উইং এবং অর্থ ও হিসাব উইং**

## আলোচ্যসূচি:৩- ওয়েবসাইট উন্নয়ন

**সর্বশেষ অগ্রগতি:**
কোম্পানির বিপণন কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে স্যাটেলাইট প্রদত্ত সেবাসমূহের কার্যকর প্রচারণার অংশ হিসেবে স্যাটেলাইট প্রদত্ত সেবাসমূহের তথ্য বিএসসিএল এর ওয়েবসাইটের দৃষ্টিগোচর স্থানে প্রকাশ করা প্রয়োজন। এর প্রেক্ষিতে সভায় সকলের উপস্থিতিতে গঠনমূলক আলোচনা হয়।
**সিদ্ধান্ত:**
স্যাটেলাইট প্রদত্ত সেবাসমূহের তথ্য বিএসসিএল এর ওয়েবসাইটের দৃষ্টিগোচর স্থানে প্রকাশের মাধ্যমে প্রয়োজনীয় মডিফিকেশন সম্পন্ন করার নিমিত্ত নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়:

| | | |
|---|---|---|
| ০১। | জনাব শাহ আহমেদুল কবির, মহাব্যবস্থাপক (বিক্রয় ও বিপণন) | • আহ্বায়ক |
| ০২। | জনাব এস. এম. আনোয়ারুল আজিজ, সহকারী মহাব্যবস্থাপক | • সদস্য |
| ০৩। | জনাব মোঃ মুনতাসিরুর রহমান, উর্ধ্বতন ব্যবস্থাপক (টিআরপি) এবং উর্ধ্বতন ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস এন্ড আইটি) (অতিরিক্ত দায়িত্ব) | • সদস্য |
| ০৪। | জনাব মোঃ শফিউল আজম, উর্ধ্বতন ব্যবস্থাপক (ব্রডকাস্ট সার্ভিসেস এন্ড ওভারসিজ সেলস) | • সদস্য |
| ০৫। | জনাব রেহ্নুমা তারান্নুম, উর্ধ্বতন ব্যবস্থাপক (মার্কেটিং এন্ড বিজনেস ডেভেলপমেন্ট) এবং উর্ধ্বতন ব্যবস্থাপক (ক্রয়) (অতিরিক্ত দায়িত্ব) | • সদস্য |
| ০৬। | জনাব মোঃ স্বদিকুল বারী, ব্যবস্থাপক (সিস্টেম এডমিন) | • সদস্য |
| ০৭। | জনাব মোঃ আরেফিন মাহামুদ, ব্যবস্থাপক (প্রাইভেট সেক্টর সেলস) এবং ব্যবস্থাপক (টেকনলোজি, প্ল্যানিং এন্ড ইমপ্লিমেন্টেশন) (অতিরিক্ত দায়িত্ব) | • সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**
০১। কমিটির সদস্যগণ কনটেন্ট প্রস্তুত, ওয়েবসাইট মডিফিকেশনের নিমিত্ত প্রয়োজনীয় টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রস্তুত, ক্রয় সংক্রান্ত কার্যক্রম ও বাস্তবায়ন সংক্রান্ত সকল কার্যক্রম আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করবেন।
০২। কমিটির চাহিদা অনুসারে সকল উইং/শাখা অগ্রাধিকার ভিত্তিতে সহযোগিতা করবেন।
০৩। কমিটি তার কাজের প্রয়োজনে যথাযথভাবে কোম্পানির যে কোন কর্মকর্তা/কর্মচারী-কে কো-অপ্ট করতে পারবেন।
০৪। কমিটি প্রতি সপ্তাহে ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা-কে কাজের অগ্রগতি অবহিত করবেন।
**দায়িত্বপ্রাপ্ত: ওয়েবসাইট মডিফিকেশন কমিটি**

## আলোচ্যসূচি-৪: নিয়োগ ও পদোন্নতি

**সর্বশেষ অগ্রগতি:**
১। বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর ০৯টি এক্সিকিউটিভ অ্যাসিস্টেন্ট পদে ও ০১টি টেকনিশিয়ান (কম্পিউটার) পদে মোট ১০ টি পদে জনবল নিয়োগের নিমিত্ত বাছাই কমিটির সুপারিশ অনুযায়ী নিয়োগপত্র জারির লক্ষ্যে প্রবিধানমালা অনুযায়ী পুলিশ ভেরিফিকেশনের কার্যক্রম শুরু করা হয়েছে।

২। উক্ত ১০টি পদের মধ্যে একটি পদ টেকনিশিয়ান (কম্পিউটার) পদটির নাম ৫৫তম বোর্ড সভায় অনুমোদিত অর্গ্রানোগ্রামে পরিবর্তন করে “এক্সিকিউটিভ অ্যাসিস্টেন্ট (আইটি)” করা হয়েছে। সংশোধিত অর্গ্রানোগ্রাম অনুযায়ী বেতন কাঠামো অদ্যাবধি সংশোধন না হওয়ায় “এক্সিকিউটিভ অ্যাসিস্টেন্ট (আইটি)” পদটি বর্তমান কার্যকর বেতন কাঠামোর অন্তর্ভুক্ত নয়, তবে টেকনিশিয়ান (কম্পিউটার) পদটি বর্তমান কার্যকর বেতন কাঠামোতে অন্তর্ভুক্ত আছে। এমতাবস্থায় উক্ত পদে নির্বাচিত প্রার্থীকে নিয়োগ পত্র প্রদানের ক্ষেত্রে পদের নাম ও বেতনের বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। উল্লেখ্য, প্রবিধানমালা অনুযায়ী বেতনস্তর ১৩ হতে ১৫ এর অন্তর্ভুক্ত পদসমূহের নিয়োগকারী কর্তৃপক্ষ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা।

২। বিএসসিএল এর পরিচালনা পর্ষদের ৬৮তম বোর্ড সভায় অনুমোদিত প্রথম ধাপের ২০টি পদে নিয়োগ কার্যক্রম শুরুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী ২০টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রস্তুত হয়েছে, যা কোম্পানির স্থায়ী কমিটির সত্যায়ন সাপেক্ষে প্রকাশের ব্যবস্থা নেওয়া হবে।

৩। বিএসসিএল এর সহকারী ব্যবস্থাপক পদে কর্মরত ১১ জন সময়ের বিবেচনায় পদোন্নতির যোগ্যাতা অর্জন করেছেন এবং কোম্পানির অনুমোদিত পদোন্নতি প্রক্রিয়া অনুযায়ী প্রস্তাব কমিটি ইতোমধ্যে প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত প্রতিবেদনে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের লিখিত নির্দেশনা অনুযায়ী বেতন কাঠামোতে বিদ্যমান টেক ও নন-টেক পদের বৈষম্যের কারণে সৃষ্ট কর্মকর্তা-কর্মচারীদের জ্যেষ্ঠতা জটিলতা নিরসনের প্রস্তাবনা বোর্ডে উপস্থাপন সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সিদ্ধান্ত:**
০১। বিএসসিএল এর আওতাধীন গ্রাউন্ড স্টেশনদ্বয় কেপিআই ক শ্রেণিভুক্ত হওয়ায় গ্রাউন্ড স্টেশনে কর্মরতদের এনএসআই দ্বারা ভেটিং করানোর বাধ্যবাধকতা আছে। ফলে বিএসসিএল-এর ০৯টি এক্সিকিউটিভ অ্যাসিস্টেন্ট পদে ও ০১টি টেকনিশিয়ান (কম্পিউটার) পদে নিয়োগের নিমিত্ত বাছাই কমিটির সুপারিশ অনুযায়ী নির্বাচিতদের প্রবিধানমালা অনুযায়ী পুলিশ ভেরিফিকেশন ও জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) দ্বারা ভেটিং এর জন্য অতিসত্বর পত্র প্রদান করতে হবে।

০২। যেহেতু নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের সময়ে “টেকনিশিয়ান (কম্পিউটার)” পদটি ১৩তম বেতনস্তরের অন্তর্ভুক্ত ছিল এবং এবং বর্তমানে কোম্পানির কার্যকর বেতন কাঠামো অনুযায়ী ‘টেকনিশিয়ান(কম্পিউটার)’ পদটি ১৩তম বেতনস্তরের অন্তর্ভুক্ত, সেহেতু ১৩তম বেতনস্তরে উল্লিখিত বেতন ও ভাতাদি অনুযায়ী নিয়োগপত্র প্রদান করা হবে। পরবর্তীতে সংশোধিত অর্গ্রানোগ্রাম অনুযায়ী বেতন কাঠামো পরিবর্তন/সংশোধন করা হলে পরিবর্তিত/সংশোধিত বেতন কাঠামো অনুযায়ী উক্ত পদের বেতন নির্ধারণ করা হবে। নিয়োগপত্রে পদের নাম “এক্সিকিউটিভ অ্যাসিস্টেন্ট (আইটি) (পূর্ববর্তী নাম: টেকনিশিয়ান (কম্পিউটার)) “ এই রূপে উল্লেখ করা হবে।

৩। সময়ের বিবেচনায় পদোন্নতির যোগ্যাতা অর্জনকারী বিএসসিএল এর সহকারী ব্যবস্থাপক পদে কর্মরত ১১ জনের পদোন্নতি প্রক্রিয়া চলমান রাখতে হবে।

তবে পদোন্নতির চূড়ান্ত প্রস্তাবনা বেতন কাঠামোতে বিদ্যমান টেক ও নন-টেক পদের বৈষম্যের কারণে সৃষ্ট কর্মকর্তা-কর্মচারীদের জ্যেষ্ঠতা জটিলতা নিরসনের প্রস্তাবনা সহ বোর্ডে উপস্থাপন করা হবে।

৪। বেতন কাঠামোতে বিদ্যমান টেক ও নন-টেক পদের বৈষম্যসহ যে সকল অসামঞ্জস্যতা রয়েছে, তা সহ বেতন কাঠামো সংশোধনের প্রস্তাবনা আগামী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।

**দায়িত্বপ্রাপ্ত: মানবসম্পদ শাখা**

**আলোচ্যসূচি-৫: প্রশিক্ষণ**

**সর্বশেষ অগ্রগতি:**

কোম্পানির কর্মকর্তাদের ই-জিপি (অনলাইন ক্রয় ব্যবস্থাপনা) এবং ক্রয় ব্যবস্থাপনা (PPA, PPR) এর প্রশিক্ষণ প্রয়োজন। এজন্য ইতোমধ্যে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি বরাবর পত্র দেওয়া হলেও অদ্যবধি কোন জবাব পাওয়া যায় নাই।

প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগ থেকে প্রশিক্ষক মনোনয়ন চাওয়া হয়েছে।

সহকারী ব্যবস্থাপক হতে তদূর্ধ্ব পদে কর্মরতদের কর্মস্পৃহা বৃদ্ধির লক্ষ্যে সঞ্জিবনী প্রশিক্ষণ আয়োজনের প্রস্তাবনা উপস্থাপন করা হল।

**সিদ্ধান্ত:**

০১। ই-জিপি (অনলাইন ক্রয় ব্যবস্থাপনা) এবং ক্রয় ব্যবস্থাপনা (PPA, PPR) এর প্রশিক্ষণের বিষয়ে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি এর সাথে যোগাযোগ করতে হবে।

০২। সহকারী ব্যবস্থাপক হতে তদূর্ধ্ব পদে কর্মরতদের কর্মস্পৃহা বৃদ্ধির লক্ষ্যে সঞ্জিবনী প্রশিক্ষণ আয়োজনের সুগঠিত প্রস্তাবনাসহ পরবর্তিতে উপস্থাপন করবেন।

**দায়িত্বপ্রাপ্ত: মানবসম্পদ শাখা**

**আলোচ্যসূচি-৬: টিআরপি সেবা সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:**

বিএসসিএল এর টিআরপি সিস্টেম পরিচালনার জন্য প্রথম ধাপে (২০২২ নভেম্বর-ডিসেম্বর) ২০০টি টিআরপি ডিভাইস ক্রয় করা হয়। এরপর ২০২৩ এর জুলাই-আগস্ট আরও ৩০০টি টিআরপি ডিভাইস ক্রয় করা হয়। পরবর্তীতে ২০২৪ সালে আরও ১৯০টি টিআরপি ডিভাইস ক্রয় করা হয়। সুতরাং বর্তমানে টিআরপি ডিভাইসের মোট সংখ্যা ৬৯০টি। ১ম ধাপে স্থাপিত (২০২২ নভেম্বর-ডিসেম্বর) টিআরপি প্রথম জেনারেশন এর প্রায় ১০০টি টিআরপি বক্স বর্তমানে বিকল হয়ে গিয়েছে। এগুলো জরুরী ভিত্তিতে মেরামত করার প্রয়োজনীয়তা উর্ধ্বতন ব্যবস্থাপক ( টিআরপি) তুলে ধরেন।

**সিদ্ধান্ত:**

০১। যেহেতু ৬৫তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সাথে টিআরপি বিষয়ে করণীয় নির্ধারণ সংক্রান্ত আলোচনা চলমান আছে, সেহেতু ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে পরে সিদ্ধান্ত দিবেন বলে অবহিত করেন।

**দায়িত্বপ্রাপ্ত: উর্ধ্বতন ব্যবস্থাপক (টিআরপি)**

**আলোচ্যসূচি-৭: বিএস-১ স্যাটেলাইটকে INTERSPUTNIK-119E-F ফাইলিং হতে BDSAT-119E-FSS ফাইলিং-এ স্থানান্তর**

সর্বশেষ অগ্রগতি:

BSS Filing ইতিমধ্যে Publish করা হয়েছে। FSS Filing এর খসড়া Intersputnik, BTRC এর মাধ্যমে BSCL কে প্রেরণ করেছে। আগামী সপ্তাহের মধ্যে BTRC এর মাধ্যমে কার্যক্রম শুরু করা হবে।

আলোচনা:

বিষয়টির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ছুটিতে থাকায় আলোচনা হয় নাই। পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

**দায়িত্বপ্রাপ্ত: উর্ধ্বতন ব্যবস্থাপক (কারিগরি, গবেষণা ও বাস্তবায়ন)**

**আলোচ্যসূচি-৮: বিটিআরসি কর্তৃক প্রনিতব্য NGSO স্যাটেলাইট গাইডলাইন শীর্ষক আলোচনা।**

**সর্বশেষ অগ্রগতি:**

বিএস-১ ও বাংলাদেশের স্যাটেলাইট শিল্পের স্বার্থ সংরক্ষণের জন্য বিটিআরসি কর্তৃক প্রনিতব্য NGSO guideline এ প্রয়োজনীয় সংস্কার বিষয়ক একটি প্রতিবেদন সচিব মহোদয় এর জন্য প্রস্তুত করা হয়েছে।

**আলোচনা:**

বিষয়টির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ছুটিতে থাকায় আলোচনা হয় নাই। পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

**দায়িত্বপ্রাপ্ত: উর্ধ্বতন ব্যবস্থাপক (কারিগরি, গবেষণা ও বাস্তবায়ন)**

**আলোচ্যসূচি-৯: আইনগত সহায়তার জন্য লিগ্যাল প্যানেল নিয়োগ**

**সর্বশেষ অগ্রগতি:**
কোম্পানির বাণিজ্যিক বিভিন্ন চুক্তিপত্র প্রণয়ন, ভেটিং ও চুক্তির আওতায় কোন বিষয়ে আইনী কার্যক্রম গ্রহণের সুবিধার্থে বিক্রয় ও বিপণন উইং এর পক্ষ থেকে ইতোপূর্বে বহুবার প্যানেল আইনজীবী নিয়োগের চাহিদা পাওয়া গেছে। এছাড়া প্যানেল আইনজীবী নিয়োগের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নির্দেশনা রয়েছে। কোম্পানিতে বর্তমানে আইন সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য কোন জনবল নেই। এমতাবস্থায় প্যানেল আইনজীবীদের বিএসসিএল এর তালিকাভুক্ত করার জন্য কোম্পানি সচিবের দপ্তর হতে ক্রয় শাখাকে চাহিদা প্রেরণের মাধ্যমে উদ্যোগ নেওয়া হয়েছে।

সভায় অংশগ্রহণকারী সকলের অংশগ্রহণে প্যানেল আইনজীবী নিয়োগ প্রক্রিয়া সম্পর্কে আলোচনা হয়। আলোচনা শেষে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত দেন:
**সিদ্ধান্ত:**
১) লিগ্যাল প্যানেল আইনজীবী নিয়োগ সেবা ক্রয়ের আওতায় পড়ে না।
২) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন অন্যান্য কোম্পানির এই সংক্রান্ত বিজ্ঞপ্তি ও অন্যান্য ডকুমেন্ট, কোম্পানির অর্গ্রানোগ্রাম ও জব-ডেসক্রিপশন পর্যালোচনা ও আলোচনা অনুযায়ী লিগ্যাল প্যানেল আইনজীবী নিয়োগ কার্যক্রমটি কোম্পানি সচিবের দপ্তর হতে সম্পন্ন করাই যুক্তিযুক্ত।
**দায়িত্বপ্রাপ্ত: কোম্পানি সচিবের দপ্তর**

## আলোচ্যসূচি-১০: অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রম

সর্বশেষ অগ্রগতি:
ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর বিগত ২৪ এপ্রিল থেকে ৩রা জুন ২০২৩ তারিখে ২০২১-২০২২ হিসাব সাল পর্যন্ত নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করেছে। মোট অডিট আপত্তির সংখ্যা ১৭টি; যার মধ্যে ১৩ টি Serius Financial Issue, SFI (তৎমধ্যে ০৬টি SFI (সম্পূর্ণ) ও ০২টি SFI (আংশিক) নিষ্পত্তি করা হয়েছে।) এবং ৪টি Non SFI (তৎমধ্যে ০২ টি Non SFI (আংশিক) নিষ্পত্তি করা হয়েছে)।

| মোট অডিট আপত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমান | নিস্পত্তি কৃত অডিট আপত্তির সংখ্যা ও টাকার পরিমান | অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা ও টাকার পরিমান |
|---|---|---|---|
| ১৭ | ২৭,৫০২,৭৬২,১৪০.০০ | ৬ টি | ১১ টি |
| | | ৩১৭,৫৩১,৩৪৮.০০ | ২৭,১৮৫,২৩০,৭৯২.০০ |

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সমন্বয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রত্যেক মাসে দ্বিপক্ষীয় সভা করে অন্তত ০১টি ত্রিপক্ষীয় সভা করার নির্দেশনা আছে। উল্লেখ্য, অদ্যবধি বিএসসিএল কোন দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা করার উদ্যোগ গ্রহণ করে নাই। তবে দুই অর্থবছরের বার্ষিক সাধারণ সভা আয়োজনের কার্যক্রম চলমান থাকায় অগ্রগতি কিছুটা ধীর ছিল।

**সিদ্ধান্ত:**
১) অনিষ্পন্ন ১১টি অডিট আপত্তির জবাব প্রস্তুত এবং দ্রুত দ্বি-পক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের উদ্যোগ হিসেবে অডিট আপত্তিসমূহের হালনাগাদ রিপোর্ট ও সংশ্লিষ্ট কাগজাদির অনুলিপি প্রস্তুতপূর্বক বিএসসিএল এর মে/২০২৪ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটির নিকট আগামী ০৭ কার্যদিবসের মধ্যে হস্তান্তর করতে হবে। হিসাব শাখার জনাব সাইফ মাহমুদ, সহকারি ব্যবস্থাপক (ব্যয়)-কে উক্ত কাজে জনাব তানভীর আহমেদ রিজভী, ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) সহযোগিতা করবেন।
**দায়িত্বপ্রাপ্ত: অর্থ ও হিসাব উইং এবং জনাব তানভীর আহমেদ রিজভী, ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস)**

## আলোচ্যসূচি-১১: APA, RTI, NIS, ইনোভেশন, সিটিজেন চার্টার ও GRS-এর অগ্রগতি

**সর্বশেষ অগ্রগতি:**
বিএসসিএল এর APA, RTI, NIS, ইনোভেশন, সিটিজেন চার্টার ও GRS-এর ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের বাস্তবায়ন রিপোর্ট যথাসময়ে দাখিল করা হয়েছে। বিএসসিএল এর APA, RTI, NIS, ইনোভেশন, সিটিজেন চার্টার ও GRS-এর ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা করা হয়েছে।
**সিদ্ধান্ত:**
০১। APA, RTI, NIS, ইনোভেশন, সিটিজেন চার্টার ও GRS-এর ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা ১০০% বাস্তবায়নের লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা-কর্মচারীকে তৎপর হতে হবে ও প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।
**দায়িত্বপ্রাপ্ত: APA, RTI, NIS, ইনোভেশন, সিটিজেন চার্টার ও GRS-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট**

## আলোচ্যসূচি-১২: ক্রয় সংক্রান্ত আলোচনা (আলোচনা হয় নাই)

## আলোচ্যসূচি-১৩: বিবিধ

**(ক) ই-ফাইলিং কার্যক্রম:**
**আলোচনা:**

ক) ই-ফাইলিং কার্যক্রম:
ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মে ২০২৪ মাসের সমন্বয় সভায় ডি-নথি এর ব্যবহার বৃদ্ধি বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে এবং বিএসসিএল এর ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা অনুযায়ী বিএসসিএলে এর সমন্বয় সভায়ও বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। উল্লেখ্য, কোম্পানির প্রায় সকল চিঠি এবং নথিপত্র ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করা হচ্ছে; যার হার ৯৯.৯৮%।

**সিদ্ধান্ত:**

০১। ডি-নথির ব্যবহারের হার ১০০% করার লক্ষ্যমাত্রা অর্জনের কার্যক্রম চলমান রাখতে হবে।

**দায়িত্বপ্রাপ্ত: সকল শাখা/উইং**

**সকল সংযুক্তিসমূহ:**

(১) হাজীরা শীট
(২) ১৪.৩৯.০০০০.০০২.০৬.০২৮.২৪.৮৮ - অফিস আদেশ ১৪ জানুয়ারি ২০২৫

M.I.Rah

২২-০১-২০২৫
ডঃ মুহাম্মদ ইমাদুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
০২৪১০৩০০৯২
managing.director@bscl.gov.bd
www.facebook.com/bcsclbd

**নম্বর:** ১৪.৩৯.০০০০.০০২.০৬.০২৮.২৪.১১১

তারিখ: ৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিএসসিএল-এর সকল উইং এবং শাখা প্রধান।
২। উর্ধ্বতন ব্যবস্থাপক (ব্রডকাস্ট সার্ভিসেস এন্ড ওভারসিজ সেলস), বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড।
৩। ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস), বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড।
৪। এক্সিকিউটিভ (প্রশাসন), সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড।

M.I.Rah

২৩-০১-২০২৫
ডঃ মুহাম্মদ ইমাদুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
Connecting Worlds for Enriching Lives
১১৬ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১০০০
www.bscl.gov.bd

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৪.৩৯.০০০০.০০০.০০২.৯৯.০০০১.২৩.৪৪১

**বিষয়: বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এর তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি - মার্চ/২৫) প্রেরণ।**

সূত্র: নাই।

উপযুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এর '২০২৪-২০২৫' অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ৫.১.১ এর আওতায় তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি - মার্চ/২০২৫) এতৎসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে

**সকল সংযুক্তিসমূহ:**

(১) বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এর তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি - মার্চ ২০২৫)

M.I.Rah

০৭-০৪-২০২৫
ড. মুহাম্মদ ইমাদুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
০২৪১০৩০০৯২
managing.director@bscl.gov.bd
www.facebook.com/bcsclbd

সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, আইসিটি সেল।
২। প্রোগ্রামার, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৪.৩৯.০০০০.০০০.০০২.৯৯.০০০১.২৩.৪৪১/১ (২)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব এস. এম. আনোয়ারুল আজিজ, সহকারী মহাব্যবস্থাপক (টেকনোলজি, প্ল্যানিং এন্ড ভ্যাস), বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড।
২। জনাব মোঃ মুনতাসিরুর রহমান, উর্ধ্বতন ব্যবস্থাপক (টিআরপি), বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড।

০৭-০৪-২০২৫
ড. মুহাম্মদ ইমাদুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এর তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি - মার্চ/২৫) প্রেরণ।

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এর তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি - মার্চ/২০২৫):

| ক্র.নং. | আলোচ্য বিষয় | বাস্তবায়ন/অগ্রগতি (জানুয়ারি - মার্চ/২০২৫) |
|---|---|---|
| ০১ | সাবম্যানুসমূহ, সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও তাৎক্ষনিক হালনাগাদকরণ | বিএসসিএল-এর তথ্য বাতায়ন সাইটের (bscl.gov.bd) (ম্যানু) আমাদের সম্পর্কে=>(সাবম্যানু) কর্মকর্তাদের তালিকা, (ম্যানু) টেন্ডার=>(সাবম্যানু) (টেন্ডার নোটিশ) (২৩ মার্চ ২০২৫) (https://bscl.portal.gov.bd/site/page/1a7c5451-a950-40f7-bcc3-1cb457894af4/-)<br><br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (০৬/০১/২০২৫)<br>সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) (০১/০১/২০২৫)<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (০৯/০১/২০২৫)<br>অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (০৬/০১/২০২৫)<br>তথ্য অধিকার (০৫/০১/২০২৫)<br>ইনোভেশন কর্ণার (০৬/০১/২০২৫)<br>বিএসসিএল এর তথ্য বাতায়ন সাইট (bscl.gov.bd)-এ সাবম্যানুসমূহ এবং সেবা বক্সসমূহ নিয়মিত হালনাগাদকরন করা হচ্ছে। |
| ০২ | সকল কর্মকর্তাগণের মোবাইল নম্বর, ছবি ও ই-মেইলসহ তালিকা | বিএসসিএল এর তথ্য বাতায়ন সাইট (bscl.gov.bd)-এ সকল কর্মকর্তাগণের মোবাইল নম্বর, ছবি ও ই-মেইলসহ তালিকা প্রয়োজন অনুযায়ী হালনাগাদ করা হচ্ছে।<br><br>(https://bscl.portal.gov.bd/site/view/officer_list_all/) |
| ০৩ | নোটিশবোর্ড | বিএসসিএল এর তথ্য বাতায়ন সাইট (bscl.gov.bd)-এর নোটিশবোর্ড নিয়মিত আপডেট করা হয়।<br><br>( https://bscl.portal.gov.bd/site/view/notices )<br>(সর্বশেষ আপডেট ০৫ মার্চ ২০২৫) |
| ০৪ | বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (০৯/০১/২০২৫)<br><br>বিএসসিএল এর তথ্য বাতায়ন সাইট (bscl.gov.bd)-এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সেবাবক্সের তথ্যসমূহ নিয়মিতভাবে হালনাগাদ করা হয় । |
| ০৫ | জাতীয় শুদ্ধাচার কার্যক্রম | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (০৬/০১/২০২৫)<br><br>বিএসসিএল এর তথ্য বাতায়ন সাইট (bscl.gov.bd)- এ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সেবাবক্সের তথ্যসমূহ নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। |
| ০৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) (০১/০১/২০২৫)<br><br>বিএসসিএল এর তথ্য বাতায়ন সাইটে (bscl.gov.bd)-এ নিয়মিতভাবে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) এর তথ্যসমূহ হালনাগাদ করা হচ্ছে। |
| ০৭ | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (০৬/০১/২০২৫)<br><br>বিএসসিএল এর তথ্য বাতায়ন সাইটে (bscl.gov.bd)-এ নিয়মিতভাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবাবক্সের তথ্যসমূহ হালনাগাদ করা হচ্ছে। |
| ০৮ | তথ্য অধিকার | তথ্য অধিকার সেবা বক্স (০৫/০১/২০২৫)<br><br>বিএসসিএল এর তথ্য বাতায়ন সাইট (bscl.gov.bd)-এ নিয়মিতভাবে তথ্য অধিকার এর সেবাবক্সের অথ্য সমূহ হালনাগাদ করা হচ্ছে। |
| ০৯ | ডিজিটাইজেশন ও উদ্ভাবন কার্যক্রম | বিএসসিএল এর তথ্য বাতায়ন সাইটে নিয়মিতভাবে ডিজিটাইজেশন ও উদ্ভাবন কার্যক্রম হালনাগাদ করা হয়। |

নুজহাত তানজিনা
ব্যবস্থাপক (প্রশাসন)

মোঃ গোলাম সারোওয়ার
মহাব্যবস্থাপক (প্রশাসন ও ক্রয়)

০৭-০৪-২০২৫
ড. মুহাম্মদ ইমাদুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
Connecting Worlds for Enriching Lives
১১৬ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১০০০
www.bscl.gov.bd
----

তারিখ: ৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৪.৩৯.০০০০.০০৯.৯৯.০৩১.২১.৩১

বিষয়: **অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন**

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এর ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৭.১ অনুযায়ী অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন করা হয়েছে। এ প্রসঙ্গে প্রমাণক হিসেবে ড্যাশবোর্ডের স্ক্রিনশট ও প্রতিবেদন সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

১৯-১২-২০২৪
মোঃ জহিরুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২৪১০৩০০৯২
managing.director@bscl.gov.bd
www.facebook.com/bcsclbd

সচিব
সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

**দৃষ্টি আকর্ষণ:**
প্রোগ্রামার, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

১৯-১২-২০২৪
এস. এম. আনোয়ারুল আজিজ
উর্ধ্বতন ব্যবস্থাপক (টেকনোলজি, প্ল্যানিং এন্ড
ইমপ্লিমেন্টেশন)

প্রতিবেদন সেবা কাঠামো

ই-টিকেট | তৈরিকারী

নুজহাত তানজিনা
ব্যবস্থাপক (প্রশাসন), সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন)
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড

- ইউজার ড্যাশবোর্ড
- নিজের (চলমান) রিপোর্ট
  - একক নিজের রিপোর্ট
  - গ্রুপ নিজের রিপোর্ট

## একক নিজের রিপোর্ট

শিরোনাম দিয়ে খুঁজুন | জানুয়ারী ১, ২০২০ - ডিসেম্বর ১৯, ২০২৪

২০ | ক্যাটাগরি দিয়ে খুঁজুন | রিপোর্টের ধরন দিয়ে খুঁজুন | খুঁজুন | রিসেট

| ক্রমিক নং | শিরোনাম | রিপোর্টের বিস্তারিত | তৈরিকারী | যাচাইকারী | চূড়ান্ত যাচাইকারী | অনুমোদনকারী | অবস্থা | পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহ কর্তৃক ডিজিটাইজেশনযোগ্য সেবার তথ্য<br>বিশেষ<br>বিশেষ | **রিপোর্ট টেমপ্লেট প্রেরণকারী অফিসঃ** মন্ত্রিপরিষদ বিভাগ<br>**রিপোর্ট প্রেরণের শেষ তারিখ:** ৩১ December, ২০২৪ | নুজহাত তানজিনা-ব্যবস্থাপক (প্রশাসন)-বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড | নুজহাত তানজিনা-ব্যবস্থাপক (প্রশাসন)-বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড | - | মোঃ জহিরুল ইসলাম-ব্যবস্থাপনা পরিচালক -বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড | অনুমোদিত ও প্রেরিত | |

কারিগরি সহায়তায়

পার্টনার:

# মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহ কর্তৃক ডিজিটাইজেশনযোগ্য সেবার তথ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অফিসের নাম:** বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড

| ডিজিটাইজেশনযোগ্য সেবার নাম | সেবার ক্ষেত্র | সেবার বিবরণ | প্রত্যাশিত ফলাফল | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | বিএসসিএল সরাসরি নাগরিক সেবা প্রদান করে না, প্রাতিষ্ঠানিক সেবা (business-to-business) প্রদান করে। এমতাবস্থায় চাহিদা অনুযায়ী বিএসসিএল এর ডিজিটাইজেশন যোগ্য কোন সেবা বর্তমানে নেই, ফলে শূন্য প্রতিবেদন প্রদান করা হলো। |

* বাস্তবায়িত/বাস্তবায়নাধীন ডিজিটাইজড সেবা ব্যতীত শুধুমাত্র ভবিষ্যতে ডিজিটাইজেশনযোগ্য সেবার তথ্য উল্লেখ করতে হবে। ** শুধুমাত্র নিজ অফিসের তথ্য দিন, আওতাধীন অফিসের তথ্য দাখিলের প্রয়োজনীয়তা নেই।

নুজহাত তানজিনা,
ব্যবস্থাপক (প্রশাসন),
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
১৫/১২/২০২৪

নুজহাত তানজিনা,
ব্যবস্থাপক (প্রশাসন),
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
১৫/১২/২০২৪

মোঃ জহিরুল ইসলাম,
ব্যবস্থাপনা পরিচালক ,
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
১৮/১২/২০২৪

## রিপোর্ট সম্পর্কিত সংযুক্তি

| ক্রমিক নং | ফাইলের নাম | পদক্ষেপ |
|---|---|---|
| ১ | report_3217178_user_4474_sl_0_20241215165206.pdf | ডাউনলোড মুছে ফেলুন |